# সাধারণ নির্দেশিকা

১। কোভিড-১৯ অতিমারির আবহে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন ব্যাহত হয়েছে। কোভিড অতিমারির মধ্যেও শিক্ষার্থীদের পঠন-পাঠন অব্যাহত রাখার উদ্দেশ্যেই মডেল অ্যাক্টিভিটি টাস্ক-এর সূত্রপাত।

২। কোভিড অতিমারির মধ্যে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন বন্ধ থাকলেও শিক্ষার্থীদের অভিভাবকদের মাধ্যমে প্রতি মাসে মিড-ডে মিল বিতরণ করা হচ্ছে। মিড-ডে মিলের সঙ্গেই অভিভাবকদের হাতে তুলে দেওয়া হচ্ছে মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি। পরের মাসে মিড-ডে মিল সংগ্রহ করার সময় অভিভাবকরা শিক্ষার্থীদের করা মডেল অ্যাক্টিভিটি টাস্কের উত্তরগুলি মূল্যায়নের জন্য শিক্ষক-শিক্ষিকাদের হাতে তুলে দিচ্ছেন।

৩। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি মূল্যায়নের মাধ্যমে কাম্য শিখন সামর্থ্য অর্জনের পথে শিক্ষার্থীরা কী কী অন্তরায়ের সম্মুখীন হচ্ছে শিক্ষক-শিক্ষিকারা তা চিহ্নিত করতে পারবেন ও যথাযথ ব্যবস্থা নিতে পারবেন।

৪। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি থেকেই বাছাই করে বিভিন্ন শ্রেণির জন্য নির্দিষ্টমানের প্রশ্নপত্র তৈরি করা হয়েছে।

৫। শিক্ষার্থীরা প্রশ্নগুলির উত্তর লিখবে।

৬। শিক্ষক-শিক্ষিকারা বিদ্যালয়ে বসেই উত্তরপত্রগুলির মূল্যায়ন করবেন।

৭। উত্তরপত্রগুলি মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীরা কাম্য শিখন সামর্থ্য অর্জনে কতটা সফল হলো তা শিক্ষক-শিক্ষিকারা বুঝতে পারবেন।

## দ্বিতীয় শ্রেণি

পূর্ণমান - ৩০

---

### <u>সংযোগ স্থাপনে সক্ষমতা</u>

**১) নীচের পাঠটি পড় এবং প্রশ্নগুলির উত্তর লেখো :** ২ × ২ = ৪

শক্তিবাবু আর আক্রম বাঘ খুঁজতে নামলেন। জঙ্গল ঘন হয়ে এল। ঘোর অন্ধকার। কিছু দূরে গিয়ে দেখেন, এক পোড়ো মন্দির। জনপ্রাণী নেই। শক্তিবাবু বললেন, এইখানে একটু বিশ্রাম করি। সঙ্গে ছিল লুচি, আলুরদম আর পাঁঠার মাংস।

ক) ঘন জঙ্গলের মধ্যে শক্তিবাবু আর আক্রম কী দেখতে পেলেন?

খ) শক্তিবাবু কোথায় বসে বিশ্রাম করতে চাইলেন?

**২) Tick the correct answer :** ১ × ২ = ২

(i) (It/There) is a garden in our school.

(ii) (It/There) is Sunday today.

**৩) সমস্যাগুলি গণিতের ভাষায় প্রকাশ করো :** ১ × ২ = ২

(ক) একটি দোকানে ১২টি লাল টুপি ও ১৬টি সবুজ টুপি আছে। দুটি মিলিয়ে দোকানে মোট কয়টি টুপি আছে?

(খ) আমাদের বাগানে ৪টি নারকেল গাছ আছে। প্রত্যেকটা গাছে ৫টি করে নারকেল হয়েছে। তাহলে মোট কয়টি নারকেল আছে?

---

### <u>সমন্বয় স্থাপনে সক্ষমতা</u>

**১) ফাঁকা ঘরে যুক্তবর্ণ বসিয়ে শব্দ গঠন করো :** ১ × ২ = ২

ক)

| | | |
|---|---|---|
| | অ | |
| ম | | ল |
| | ন | |

খ)

| | | |
|---|---|---|
| | আ | |
| বি | | ম |
| | য় | |

**২) Match the colours with the objects :** ১ × ৩ = ৩

| | Objects | Colours |
|---|---|---|
| (i) | Tomato | black |
| (ii) | Leaf | red |
| (iii) | Hair | green |

**৩) 'ক' স্তম্ভের সাথে 'খ' আর 'খ' স্তম্ভের সাথে 'গ' দাগ দিয়ে মেলাও :** ১ × ৩ = ৩

| | ক | খ | গ |
|---|---|---|---|
| অ) | ৪০ ÷ ৪ | ১২ | ৩ × ৪ |
| আ) | ৮ + ৪ | ১৩ | ১৫ – ৫ |
| ই) | ১৯ – ৬ | ১০ | ৭ + ৬ |

## সমস্যা সমাধানে সক্ষমতা

**১) নীচের শব্দগুলিকে বাক্যের প্রথমে, মাঝে ও শেষে ব্যবহার করো :** ১ × ২ = ২

ক) জল খ) সবুজ

**২) Fill in the table :** ১ × ৩ = ৩

| | About me | What I do | I am |
|---|---|---|---|
| (i) | Float in the sky. Take many shapes. | Bring rain. | |
| (ii) | Ball of fire. Shine in the sky. | Give light and heat. | |
| (iii) | Looks small. Can be seen in the sky at night. | Twinkle like diamonds. | |

**৩) সমাধান করো :** ২ × ২ = ৪


(ক) ২৪ জন লোক নদীর পারে দাঁড়িয়ে আছে। তিনটে নৌকা ঘাটে বাঁধা আছে। প্রতিটি নৌকায় সমান সংখ্যক লোক উঠবে। তাহলে প্রতিটি নৌকায় কতজন লোক উঠবে?


(খ) আফরুজা তার মায়ের সঙ্গে দোকানে গিয়ে ৬ ডজন পাকা কলা কিনল। ১ ডজনে ১২টা থাকে। তাহলে মোট কটা কলা কিনল?

## মানসিক ও শারীরিক সমন্বয় সাধন

১) ছবিগুলো আঁকো, রং করো এবং প্রতিটি ছবির ওপর তিনটি করে বাক্য লেখো। ৩







২) **Draw the picture of a school. Write three sentences on the school.** ২

## স্বাস্থ্য ও শারীরশিক্ষা
## দ্বিতীয় শ্রেণি
## পূর্ণমান - ৩০

**১। বন্ধুর মধ্যে থেকে সঠিক উত্তরটি খুঁজে বার করে শূন্যস্থানটি পূরণ করো।** **১ × ১৬ = ১৬**

(ক) আমার প্রতিজ্ঞা :
সব কাজে সব খানে যেন হই সৎ,
ভালো হয়ে চলবই নিয়েছি ________।
(i) শপথ (ii) প্রতিজ্ঞা

(খ) আমার প্রতিজ্ঞা :
সব জাতি ধর্মকে দেব সম্মান,
______ যে একজাতি আর এক প্রাণ।
(i) সকলে (ii) আমরা

(গ) সুস্বাস্থ্য :
শরীর ও __________ যদি তুমি
সুস্থ রাখতে চাও।
(i) স্বাস্থ্য (ii) মন

(ঘ) সুস্বাস্থ্য :
সময়মতো __________ এবং
নিয়মমতো খাও।
(i) পড়ো (ii) ঘুমাও

(ঙ) সুস্বাস্থ্য :
পড়ালেখার পাশাপাশি
করবে __________।
(i) খেলাধুলো (ii) গল্পগুলো

(চ) সুস্বাস্থ্য :
মনের থেকে দূরে রাখবে
__________ ভাবনাগুলো।
(i) মন্দ (ii) দ্বন্দ্ব

(ছ) সুস্বাস্থ্য :
স্নান করবে, হাত পা __________
পোশাক পরবে ঠিক,
(i) ধোবে (ii) ঘষবে

(জ) সুস্বাস্থ্য :
__________ চলবে যখন
দেখবে চতুর্দিক।
(i) ঘরের মধ্যে (ii) রাস্তাঘাটে

(ঝ) সুস্বাস্থ্য :
শরীরটাকে ফিট রাখতে
__________ যোগাসন,
(i) করবে (ii) দেখবে

(ঞ) সুস্বাস্থ্য :
বাবা __________ কথা শুনে
চলবে সারাক্ষণ।
(i) ভাইয়ের (ii) মায়ের

(ট) দাঁতের যত্ন :
দাঁতে ........................ রোগ হতেই পারে
তাই বলি বারবার,
নিয়মিত করতে হবে
দাঁত .........................।
(i) ক্ষয়, পরিষ্কার (ii) নয়, পরিষ্কার

(ঠ) চোখের যত্ন :
....................... আছে বলেই জেনো
আমরা দেখতে পাই,
চোখের মতো ........................ আর
কোনো কিছুই নাই।
(i) দাঁত, দামি (ii) চোখ, দামি

(ড) নখ ও চুলের যত্ন :
(i) নখ কাটার যন্ত্র দিয়ে কাটতে হবে নখ,
নয়তো রোগ বা অসুখ হলে ________
ভয়ানক।
(i) বিপদ (ii) আনন্দ

(ঢ) হাঁচি ও কাশি :
হাঁচি আর .......................,
থাকে পাশাপাশি।
যদি হয় রোগ,
বাড়ে দুর্ভোগ।
(i) কাশি (ii) জ্বর

(ত) কানের যত্ন :

যানবাহনের বিকট .......................,
সহ্য হয় না আর,
কারখানারও তীব্র শব্দ
করবে পরিহার।

(i) আওয়াজ (ii) শব্দ

(থ) ত্বকের যত্ন :

খোস-পাঁচড়া ছোঁয়াচে রোগ—
সাবধানেতে থাকো,
চর্মরোগে নিজেরই ক্ষত
....................... করে রাখো।

(i) আড়াল (ii) ওষুধ

২। **ঠিক শব্দগুলির পাশে '✓' দাও।** ১ × ৮ = ৮

(ক) যিনি অসহায় তাকে __________ করে সুখী হবো।
(i) উপকার ☐ / (ii) অপকার ☐

(খ) এসো শত্রু নয় __________ হই।
(i) শত্রু ☐ / (ii) বন্ধু ☐

(গ) কিছু খাবার পরে দাঁত ও মুখ পরিষ্কার করতে হবে __________ করে।
(i) জিভ দিয়ে ☐ / (ii) কুলকুচি ☐

(ঘ) বেশি মাত্রায় টিভি, মোবাইল বা কম্পিউটারে কাজ করলে __________ ক্ষতি হতে পারে।
(i) চোখের ☐ / (ii) ত্বকের ☐

(ঙ) __________ বেড়ে উঠলে সময়মতো কাটতে হবে।
(i) দাঁত ☐ / (ii) নখ ☐

(চ) যেকোনো জায়গায় __________ ফেললে অন্যকে রোগজীবাণু দেওয়া হয়।
(i) মাটি ☐ / (ii) থুথু ☐

(ছ) বাইরে থেকে বাড়িতে ঢুকলে সাবান দিয়ে __________ ধুতে হবে।
(i) হাত-পা ☐ / (ii) কাগজপত্র ☐

(জ) __________ রোধ করতে পরিবেশ বন্ধু হতে হবে।
(i) পরিবেশ ☐ / (ii) দূষণ ☐

৩। **বামদিকের সাথে ডানদিক মিলিয়ে দেখাও :** ১$\frac{১}{২}$ × ৪ = ৬

| বামদিক | ডানদিক |
|---|---|
| (ক)  | ফুল আর পুঁতি দিয়ে মালা গাঁথার মজা অনেক। |
| (খ)  | ঢেকে রাখা খাবার বিপদ এড়ায়। |
| (গ)  | জিভের ওপর ময়লা প্রলেপ, রোগের লক্ষণ। |
| (ঘ)  | চোর ও পুলিশ খেলতে গিয়ে হিসাব শেখার মজা ভারি। |